গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা

শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মেজবাহ উদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ০৬/০৬/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | সচিব মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে একজন কর্মচারী এবং মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের গ্রেড-২ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত একজন করে মোট ৩ জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা যাবে। পুরস্কার হিসাবে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

০৩। তিনি সভাকে আরও অবহিত করেন যে, উক্ত নীতিমালার ক্রমিক ৪ এ মূল্যায়ন পদ্ধতিতে বর্ণিত সূচক (Indicator) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে বিভিন্ন গ্রেডের কর্মচারীদের জন্য নির্ধারিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত নম্বরসহ মোট ১০০ নম্বর বিবেচনা করা যেতে পারে মর্মে উল্লেখ রয়েছে। দপ্তর/সংস্থা প্রধানগণের (গ্রেড-১ সহ) মূল্যায়নের ক্ষেত্রে সততা ও নৈতিকতা, নেতৃত্ব, মন্ত্রণালয়/বিভাগের অভিলক্ষ্য বাস্তবায়ন, সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন এই ৫টি সূচকের বিপরীতে ধার্যকৃত ৫০ নম্বর মন্ত্রণালয়/বিভাগের সচিবের বিবেচনার জন্য থাকবে। অবশিষ্ট ৫টি সূচকের বিপরীতে ধার্যকৃত ৫০ নম্বর কমিটির অন্যান্য সদস্যগণ বিবেচনা করবেন।

০৪। তিনি সভাকে আরও অবহিত করেন যে, উক্ত নীতিমালার ক্রমিক ৫ ও পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণে বর্ণিত ৫.১ বিবেচ্য কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য ন্যূনতম ৬ মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে। ৫.৩ কোন কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না। ৫.৪ কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারি মামলা চলমান থাকলে/মামলায় শাস্তিপ্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না। ৫.৫ একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করতে হবে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন। ৫.৬ কোন কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না। বদলীযোগ্য চাকরির জন্য প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কর্মস্থলের প্রত্যয়ন গ্রহণ করেত হবে।

০৫। প্রত্যেক মূল্যায়নকারীকে দপ্তর/সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের ৩টি ক্যাটাগরীতে মূল্যায়নের জন্য প্রয়োজনীয় ফরম দেয়া হয়। মূল্যায়নকারীগণ ফরমগুলো যথাযতভাবে পূরণ করে সভাপতির নিকট জমা দিলে সমন্বিত করে মূল্যায়ন সীট প্রস্তুত করা হয়েছে যা নিম্নরুপ:

**দপ্তর/সংস্থা প্রধান:**

| ক্র.নং | মূল্যায়নকারীর নাম | মূল্যায়িত কর্মচারীর নাম ও গ্রেড | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মেজবাহ উদ্দিন<br>সচিব ও সভাপতি শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | জনাব পরিমল সিংহ<br>সচিব<br>জাতীয় ক্রীড়া পরিষদ<br>গ্রেড-২য় | ৫০ | ৪৩ |
| | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৬ |
| | জনাব মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৬ |
| | জনাব মোঃ রুহুল আমিন খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৯ |
| | কাজী মোশতাক জহির<br>যুগ্মসচিব (যুব) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪২ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) র ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৪ |
| | ড. মোঃ আবুল হোসেন<br>যুগ্মসচিব (উন্নয়ন, যুব সংক্রান্ত প্রকল্প) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৪ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও সদস্য-সচিব শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ৫০ | ৪৪ |
| | **মোট** | | **৪০০** | **৩৫৮ (৮৯.৫%)** |

**গ্রেড-২-৯ ভুক্ত কর্মচারী:**

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জনাব মেজবাহ উদ্দিন<br>সচিব ও সভাপতি শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | ডা: মোঃ জহিরুল ইসলাম<br>উপসচিব (যুব-১)<br>গ্রেড-৫ম | ১০০ | ৯৫ |
| | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯০ |
| | জনাব মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৭ |
| | জনাব মোঃ রুহুল আমিন খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৯ |
| | কাজী মোশতাক জহির<br>যুগ্মসচিব (যুব) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯০ |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) র ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৫ |
| | ড. মোঃ আবুল হোসেন<br>যুগ্মসচিব (উন্নয়ন, যুব সংক্রান্ত প্রকল্প) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও সদস্য-সচিব শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৫ |
| | **মোট** | | **৮০০** | **৭৫৯ (৯৪.৮৮%)** |

**গ্রেড-১০-১৬ ভুক্ত কর্মচারী:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.ক | জনাব মেজবাহ উদ্দিন<br>সচিব ও সভাপতি শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | জনাব মোঃ আকতার হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা (বাজেট)<br>গ্রেড-১০ম | ১০০ | ৯৮ |
| | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | জনাব মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | কাজী মোশতাক জহির<br>যুগ্মসচিব (যুব) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | **মোট** | | **৪০০** | **৩৯২ (৯৮%)** |
| ৩.খ | জনাব মোঃ রুহুল আমিন খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | জনাব মোহাম্মদ জুলহাস মিয়া<br>প্রশাসনিক কর্মকর্তা (পরিকল্পনা)<br>গ্রেড-১০ম | ১০০ | ৯৮ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | ড. মোঃ আবুল হোসেন<br>যুগ্মসচিব (উন্নয়ন, যুব সংক্রান্ত প্রকল্প) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও সদস্য-সচিব শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | **মোট** | | **৪০০** | **৩৯২ (৯৮%)** |

**গ্রেড-১৭-২০ ভুক্ত কর্মচারী:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.ক | জনাব মেজবাহ উদ্দিন<br>সচিব ও সভাপতি শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | জনাব মোঃ হারুন অর রশীদ<br>অফিস সহায়ক (সচিবের দপ্তর)<br>গ্রেড-২০তম | ১০০ | ৯৮ |
| | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | জনাব মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (ক্রীড়া-১) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | কাজী মোশতাক জহির<br>যুগ্মসচিব (যুব) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | **মোট** | | **৪০০** | **৩৯২ (৯৮%)** |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.খ | জনাব মোঃ রুহুল আমিন খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | কেশোয়ারা লিপি<br>অফিস সহায়ক<br>(অতিরিক্ত সচিব<br>(সমন্বয় ও আইন))-<br>এর দপ্তর<br>গ্রেড-২০তম | ১০০ | ৯৮ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) র ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | ড. মোঃ আবুল হোসেন<br>যুগ্মসচিব (উন্নয়ন, যুব সংক্রান্ত প্রকল্প) ও সদস্য শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | জনাব রাশেদা জামান<br>যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও সদস্য-সচিব শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি | | ১০০ | ৯৮ |
| | **মোট** | | **৪০০** | **৩৯২ (৯৮%)** |

০৬। দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্যে জনাব পরিমল সিংহ, সচিব (গ্রেড-২য়), জাতীয় ক্রীড়া পরিষদকে সকল সদস্য মূল্যায়ন করেছেন। তিনি ৪০০ নম্বরের মধ্যে ৩৫৮ নম্বর (৮৯.৫%) পেয়েছেন। মন্ত্রণালয়ের গ্রেড: ২-৯ ভুক্ত কর্মচারীদের মধ্যে ডা: মোঃ জহিরুল ইসলাম, উপসচিব (যুব-১, গ্রেড-৫ম) কে সকল সদস্য মূল্যায়ন করেছেন। তিনি ৮০০ নম্বরের মধ্যে ৭৫৯ নম্বর (৯৪.৮৮%) পেয়েছেন। মন্ত্রণালয়ের গ্রেড: ১০-১৬ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব মোঃ আকতার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট, গ্রেড-১০ম) এবং জনাব মোহাম্মদ জুলহাস মিয়া, প্রশাসনিক কর্মকর্তা (পরিকল্পনা, গ্রেড-১০ম) কে চারজন করে সদস্য মূল্যায়ন করেছেন। তারা প্রত্যেকে ৪০০ নম্বরের মধ্যে ৩৯২ নম্বর করে (৯৮%) পেয়েছেন। মন্ত্রণালয়ের গ্রেড: ১৭-২০ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব মোঃ হারুন অর রশীদ, অফিস সহায়ক (সচিবের দপ্তর, গ্রেড-২০তম) এবং জনাব কেশোয়ারা লিপি, অফিস সহায়ক ((অতিরিক্ত সচিব, সমন্বয় ও আইন)-এর দপ্তর, গ্রেড-২০তম) কে চারজন করে সদস্য মূল্যায়ন করেছেন। তারা প্রত্যেকে ৪০০ নম্বরের মধ্যে ৩৯২ নম্বর করে (৯৮%) পেয়েছেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্যে জনাব পরিমল সিংহ, সচিব (গ্রেড-২য়), জাতীয় ক্রীড়া পরিষদকে চলতি ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। তাঁর ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট ও একটি ক্রেস্ট এবং জাতীয় ক্রীড়া পরিষদ হতে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে;

খ) মন্ত্রণালয়ের গ্রেড: ২-৯ ভুক্ত কর্মচারীদের মধ্যে ডা: মোঃ জহিরুল ইসলাম, উপসচিব (যুব-১, গ্রেড-৫ম), গ্রেড: ১০-১৬ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব মোঃ আকতার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট, গ্রেড-১০ম) এবং জনাব মোহাম্মদ জুলহাস মিয়া, প্রশাসনিক কর্মকর্তা (পরিকল্পনা, গ্রেড-১০ম), গ্রেড: ১৭-২০ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব মোঃ হারুন অর রশীদ, অফিস সহায়ক (সচিবের দপ্তর, গ্রেড-২০তম) এবং জনাব কেশোয়ারা লিপি, অফিস সহায়ক (গ্রেড-২০তম) কে চলতি ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। তাদেরকে পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে।

০৮। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মেজবাহ উদ্দিন

সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২৩.০১২.২১.১৮৩

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়


৪) যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৫) যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব , সমন্বয় অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৮) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব